**All India Science Teachers' Association, West Bengal**

**SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST - 2024**

**Time : 1 hr. 45 min.** **Full Marks : 60**

**Class IV**

**নির্দেশাবলী :**

**1)** উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। **2)** প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের ওপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ◯ ◯ ⊗ ◯ ; এখানে সঠিক উত্তর c)। **3) প্রতি ঠিক উত্তরের জন্য 1 নম্বর পাবে। 3টি ভুল উত্তরের জন্য 1 নম্বর কাটা যাবে। 4)** প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তর পত্রটি জমা দেবে। **5)** প্রয়োজনবোধে রাফ্ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারে। **6)** কোনো প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⊗ চিহ্ন দাও।

1. ব্রোঞ্জ যে দুটি ধাতুর মিশ্রণ সে দুটি হল

   a) সোনা আর রূপা  b) লোহা আর টিন  c) টিন আর দস্তা  d) তামা আর টিন

2. গাছ শ্বাসকার্য চালানোর সময় একটি গ্যাস ত্যাগ করে আবার তার খাদ্য তৈরি করার সময় সেটিই গ্রহণ করে। গ্যাসটি হল

   a) অক্সিজেন  b) নাইট্রোজেন

   c) কার্বন ডাই-অক্সাইড  d) হাইড্রোজেন

3. কেবলমাত্র শরৎকালে ফোটে এমন একটি ফুল হল

   a) জুঁই  b) জবা  c) টগর  d) শিউলি

4. সিঙ্কোনা গাছের ছাল থেকে যে ওষুধ তৈরি হয় তা কাজে লাগে

   a) কানে ব্যথা হলে  b) কাঁপুনি দিয়ে জ্বর এলে

   c) মাথাব্যথা করলে  d) পেট ব্যথা করলে

5. বাতাসে সবচেয়ে বেশি শতাংশ অক্সিজেন পাওয়া যায়

a) সমুদ্রের ধারে b) পাহাড়ের উপর c) গাছের নীচে d) ঘরের ভেতরে

6. নিচের যে এক জোড়া প্রাণির দুটিরই মেরুদণ্ড নেই তারা হল

a) মাছ আর আরশোলা b) চিংড়ি আর টিকটিকি

c) সাপ আর ব্যাঙ d) চিংড়ি আর প্রজাপতি

7. বিপন্ন আর বিলুপ্ত প্রাণী হল যথাক্রমে

a) কুকুর আর হাতি

b) টিয়াপাখি আর ডোডোপাখি

c) একশৃঙ্গ গন্ডার আর বানর

d) কৃষ্ণসার হরিণ আর হিমালয়ের বামন তিতির

8. নিজস্ব কোনও আকার নেই এমন পদার্থ হল

a) চিনির দানা b) দুধ c) কাঠ d) বরফ

9. সপ্তর্ষিমন্ডল দেখতে

a) প্রশ্ন চিহ্নের মতো b) ধনুক হাতে যোদ্ধার মতো

c) মুষ্টিযোদ্ধার মতো d) ইংরাজি W অক্ষরের মতো

10. শক্তও নয়, সোজাও নয় এমন কান্ডের গাছ হল

a) সুপারি b) নারিকেল c) মাধবীলতা d) বট

11. শীতের রাতে খোলা আকাশের নিচে খানিকক্ষণ রাখলে সবচেয়ে বেশি ঠান্ডা হয়ে যায়

a) কাঠের একটা খণ্ড b) লোহার চেয়ার

c) পলিথিনের বালতি d) সুতির জামা

12. কৃত্রিম উপগ্রহের সাহায্যে করা যায় না এমন কাজ হল

a) আবহাওয়ার পূর্বাভাস দেওয়া

b) মোবাইলে কথার সিগন্যাল আদান-প্রদান

c) মাটির নিচ থেকে জল তোলা

d) টেলিভিশনে খবর প্রচার করা

13. লিটার এককে মাপা যায় কোনও জিনিসের

a) ভর b) আয়তন c) ওজন d) দৈর্ঘ্য

14. খাবার থেকে প্রাণীরা পায় প্রধানত

a) অক্সিজেন b) কাজ করার শক্তি

c) হজম করার শক্তি d) দেহের প্রয়োজনীয় জল

15. ট্রেন, সাইকেল ও বাসের চাকা তৈরির প্রধান উপকরণ যথাক্রমে

a) কাঠ, রবার ও রবার | b) রবার, লোহা ও রবার
c) লোহা, রবার ও রবার | d) কাঠ, লোহা ও রবার

16. দূষণহীন একটা যান হল

a) মোটর সাইকেল b) বাস c) মোটর গাড়ি d) সাইকেল

17. ম্যালেরিয়া রোগ হয় জীবাণুর কারণে। এই জীবাণু দেখা যায়

a) টেলিস্কোপে b) মাইক্রোস্কোপে c) দূরবীনে d) খালি চোখে

18. যে সব বর্জ্য পদার্থ থেকে গাছের সার তৈরি হয়, তারা হল

a) পুরোনো প্লাস্টিক | b) ধাতুর পুরোনো বাসনপত্র
c) তরকারির খোসা | d) পুরোনো জামাকাপড়

19. একটা গ্লাসের জলের মধ্যে কয়েকটি বরফের টুকরা ফেলে দিলে টুকরাগুলির

a) সবকটি জলের উপর ভাসবে
b) সবকটি জলে ডুবে যাবে কিন্তু একটাও গুলবে না
c) কয়েকটি ডুবে যাবে আর কয়েকটি ভাসবে
d) সবকটি জলে ডুবে যাবে ও জলে গুলে যাবে

20. সাধারণত সূর্যের তাপ ব্যবহার করা হয় না যেটি করতে সেটি হল

a) আগুন জ্বালানো | b) ধান শুকানো
c) ভিজে কাপড় শুকানো | d) মাছ শুকানো

21. ভেষজ গুণ সম্পন্ন গাছ হল

a) গাঁদা ও তুলসী | b) তুলসী ও থানকুনি
c) থানকুনি ও গাঁদা | d) গাঁদা, তুলসী ও থানকুনি সবগুলিই

22. দাহ্য নয় এমন একটা বস্তু হল

a) কাঠ b) কেরোসিন c) পেট্রোল d) তামা

23. সারাদিনে বিভিন্ন সময় রোদে দাঁড়ালে তোমার ছায়া সবচেয়ে ছোট আর সবচেয়ে লম্বা হবে যথাক্রমে

a) বিকেলে আর সকালে | b) দুপুরে আর সকালে
c) বিকেলে আর দুপুরে | d) সকালে আর দুপুরে

24. শজারুর গায়ে কাঁটা থাকে

a) শিকার ধরতে | b) পিঠ চুলকাতে
c) আত্মরক্ষা করতে | d) সুন্দর দেখাতে

25. বিষাক্ত উপাদান নেই এমন একটি গ্যাস হল

a) রান্নায় ব্যবহৃত গ্যাস

b) ব্লিচিং পাউডার জলে দিলে বেরোয় যে গ্যাস

c) মশা মারার ধূপের গ্যাস

d) বেলুন ফেটে গেলে বেরোয় যে গ্যাস

26. তুলো পাওয়া যায় এমন একটি গাছের নাম হল

a) পলাশ b) শিমুল c) বকুল d) সেগুন

**27-28.** সমর মাঠে ফুটবল খেলতে গিয়েছিল। মাঠ পিছল ছিল। পড়ে তার পা মচকে গেছে। ডাক্তার বললেন, "পায়ে বরফ দাও। ব্যথা না কমলে কাল এক্স-রে করতে হবে। তবে বোঝা যাবে পা ভেঙেছে কিনা।"

27. আমাদের শরীরের হাড়ের ছবি তোলা যায় যে যন্ত্র দিয়ে সেটা হল

a) ক্যামেরা b) মোবাইল ফোন c) এক্স-রে মেশিন d) টেলিস্কোপ

28. আমাদের দেহের কোথাও আঘাত লাগলে প্রথমেই উচিত

a) বরফ লাগানো b) গরম সেঁক দেওয়া

c) মালিশ করা d) b ও c দুটিই

29. গাছ বেড়ে ওঠার জন্য দরকার

a) অক্সিজেন b) সূর্যের আলো c) জল d) a, b, c তিনটিই

30. পিছল রাস্তা দিয়ে চলার সময় ধাপ নিতে হয়

a) ছোট ছোট

b) ছোট দিয়ে শুরু করে পরপর ছোট ও বড়

c) বড় বড়

d) বড় দিয়ে শুরু করে পরপর বড় ও ছোট

31. ০, ৩, ৪, ৬, ৭ সংখ্যাগুলির মধ্য থেকে যে সংখ্যাটি বাদ দিলে বাকী সংখ্যাগুলির গড়ের মান অপরিবর্তিত থাকে তা হল

a) ০ b) ৩ c) ৪ d) ৬

32. $\frac{১৯৪}{২৯১}$ কে লঘিষ্ঠ আকারে প্রকাশ করলে হবে

a) $\frac{২}{৩}$ b) $\frac{৩}{৪}$ c) $\frac{২}{৭}$ d) $\frac{৪}{৭}$

33. ৬৭৩৫ সংখ্যাটির ৬ এবং ৩ এর স্থানীয় মানের অন্তর

a) ৫৭০০ b) ৫৯৩০ c) ৫৯৭০ d) ৩

34. ৪১৮ × ৫ = কত?

a) (৪০০ × ১৮) + (১০ × ৪) + (৫ × ১৮)

b) (৪০০ × ৫) + (১০ × ৫) + (৮ × ৫)

c) (৪০০ × ৫) + (১০ × ৫)

d) (৪০০ × ১) + (৪০০০ × ৮) + (৪০০ × ৫)

35. একটি ভাগ অঙ্কে ভাগফল ভাগশেষের তিনগুণ এবং ভাজক ভাগফলের দ্বিগুণ, যদি ভাগশেষ ৫ হয় তবে ভাজ্য হবে

a) ৪৪৫ b) ৪৫০ c) ৪৬০ d) ৪৫৫

36. চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা থেকে দুই অঙ্কের বৃহত্তম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল হবে

a) ৯০০১ b) ৯০১ c) ৯৯১ d) ৯৯০০

37. তিনটি ক্রমিক অযুগ্ম সংখ্যার যোগফল ৩৬৯ হলে তাদের মধ্যে ক্ষুদ্রতম সংখ্যাটি হল

a) ১২৩ b) ১২৫ c) ১২১ d) ১২২

38. অনিলবাবুর মাসিক আয় ৬০০০ টাকা। তাঁর মাসিক খরচ তাঁর মাসিক আয়ের $\frac{৫}{৬}$ অংশ হলে তাঁর বার্ষিক সঞ্চয় হবে

a) ১০০০ টাকা b) ৫০০০ টাকা c) ৮০০০ টাকা d) ১২০০০ টাকা

39. পাঁচ বছর আগে সোনালী ও তার দাদার বয়সের সমষ্টি ছিল ৩০ বছর। এখন থেকে ১০ বছর পরে তাদের বয়সের সমষ্টি হবে

a) ৩৫ বছর b) ৬০ বছর c) ৫০ বছর d) ৪৫ বছর

40. প্রথম যৌগিক সংখ্যা দুটির গুণফল হল

a) ২৪ b) ৩২ c) ১২ d) ৮

41. {১২ – (৪ ÷ ২) – ২} ÷ 2 এর সরলতম মান হল

a) ০ b) ২ c) ৪ d) ৬

42. নীচের সঠিক বিবৃতিটি হল

a) প্রত্যেক মৌলিক সংখ্যাই বিজোড়

b) অসীম সংখ্যক মৌলিক সংখ্যা বর্তমান

c) ১ হল মৌলিক সংখ্যা

d) দুটি মৌলিক সংখ্যার গুণফল সর্বদা মৌলিক হবে

43. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৭ সেমি বেশি। আয়তক্ষেত্রটির প্রস্থ ৬ সেমি হলে ক্ষেত্রটির পরিসীমা হবে

a) ৩৮ সেমি b) ১৯ সেমি c) ৪২ সেমি d) ২৮ সেমি

44. ৩, ৪, ৫, ০ অঙ্কগুলির প্রতিটি একবার মাত্র ব্যবহার করে গঠিত চার অঙ্কের বৃহত্তম সংখ্যাটির পূর্ববর্তী সংখ্যাটি হল

a) ৫৪৩০ b) ৫৩৪৯ c) ৫৪২৯ d) ৫৪৩১

45. ৯৫৭ সংখ্যাটির একক স্থানীয় এবং শতক স্থানীয় অঙ্ক দুটি পরস্পর স্থান বিনিময় করলে সংখ্যাটির মান কমবে

a) ২৯৮ b) ১৯৮ c) ৩ d) ৩৯৪

46. ২০ জন বালক এবং ১০ জন বালিকার মধ্যে ৪০০ টাকা এমনভাবে ভাগ করা হল যাতে প্রত্যেক বালিকা প্রত্যেক বালকের দ্বিগুণ টাকা পায়। এই ভাবে ভাগ করলে প্রত্যেক বালক পাবে

a) ৪০ টাকা b) ২০ টাকা c) ১০ টাকা d) ৫ টাকা

47. ৩৬ এর উৎপাদকগুলির মোট সংখ্যা হল

a) ১০ b) ৯ c) ৮ d) ৭

48. কোন ঘড়িতে ৪ টা বাজতে ৯ সেকেন্ড সময় লাগে। একই হারে ওই ঘড়িতে ১০ টা বাজতে সময় লাগবে

a) ২৭ সেকেণ্ড b) ৩০ সেকেণ্ড c) ৩৬ সেকেণ্ড d) ৪০ সেকেণ্ড

49. নীচের সংখ্যাগুলির মধ্যে বৃহত্তমটি হল

a) $\frac{১}{২}$ b) $\frac{২}{৩}$ c) $\frac{৩}{৪}$ d) $\frac{৪}{৫}$

50. প্রতি বাক্সে ২৫০ গ্রাম মিষ্টি ধরে। ২৫ কিলোগ্রাম মিষ্টি ভরতে এই ধরনের বাক্স লাগবে

a) ১০টি b) ২০টি c) ১০০টি d) ১২৫টি

51. ১০, ১৫, ২০ এবং ২৫ দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যাটি হল

a) ১৫০ b) ৩০০ c) ২০০ d) ৬০০

52. যে সংখ্যা দিয়ে ৩০ কে গুণ করলে ৬০০০ সংখ্যাটি পাওয়া যাবে তা হল

a) ১০ b) ১০০ c) ২০০০ d) ২০০

53. লুডো খেলার ছক্কার পার্শ্বতলগুলি হল

a) বর্গক্ষেত্র b) আয়তক্ষেত্র c) ঘনক d) ত্রিভুজ

54. এক টাকার মুদ্রার জ্যামিতিক আকার হল

a) গোলক b) বৃত্ত c) বেলন d) ঘনক

55. একটি সরল রেখাংশের প্রান্ত বিন্দুর সংখ্যা হল

a) এক b) দুই c) শূন্য d) অসংখ্য

56. একটি মাত্র তল দ্বারা গঠিত ঘনবস্তু হল

a) চোঙ b) শঙ্কু c) অর্ধগোলক d) গোলক

57. কোনো বৃত্তের পরিধির উপর যে কোন দুটি বিন্দুকে সরলরেখাংশ দিয়ে যুক্ত করা হলে ঐ সরলরেখাংশকে বলে

a) জ্যা b) ব্যাস c) বৃত্ত চাপ d) ব্যাসার্ধ

58. পাঁচটি সংখ্যার গড় ৬০। অন্য দশটি সংখ্যার গড় ৩০ এবং অন্য পনেরোটি সংখ্যার গড় ২০ হলে মোট ৩০টি সংখ্যার গড় হবে

a) ২০ b) ২৫ c) ৩০ d) ৪০

59. কোনো ত্রিভুজে সূক্ষ্মকোণের সর্বনিম্ন সংখ্যা হল

a) ৩ b) ২ c) ১ d) ০

60. একটি নিরেট শঙ্কুর তল সংখ্যা হল

a) ২ b) ৩ c) ৪ d) ১

---